

# সাহায্যের ও আরও তথ্যের জন্য



একটি VITA সাইট দেখুন। আয়কর সহায়তার স্বেচ্ছাসেবী (Volunteer Income Tax Assistance) প্রকল্প রিটার্ন প্রস্তুত করতে ও দাখিল করতে বিনামূল্যে সহায়তা প্রদান করে। একটি VITA কেন্দ্র খুঁজে পেতে:

- 1 800-906-9887 নম্বরে ফোন করুন
- IRS ওয়েবসাইট দেখুন: [www.irs.gov](http://www.irs.gov)



আপনি এটি ও অন্য যে সকল করের ক্রেডিটের যোগ্য হতে পারেন তাদের সম্পর্কে আরও জানতে [www.mybenefits.ny.gov](http://www.mybenefits.ny.gov) দেখুন



আপনি নিজের কর বিনামূল্যে দাখিল করার যোগ্য হতে পারেন! আরো তথ্যের জন্য দেখুন [www.tax.ny.gov/pit/efile](http://www.tax.ny.gov/pit/efile)

আপনি নিউ ইয়র্ক স্টেটের অতিরিক্ত  
করের ক্রেডিটের যোগ্য হতে পারেন

## নিউ ইয়র্ক স্টেট নন-কাস্টোডিয়াল পিতার/মাতার অর্জিত আয়করের ক্রেডিট (New York State Noncustodial Parent Earned Income Tax Credit)

আপনি আপনার যে সন্তানেরা আপনার সঙ্গে বসবাস করে না তাদের জন্য আদালতের আদেশের সাপেক্ষে সমর্থনের রাশি প্রদান করলে এই ক্রেডিটের দাবি করতে পারেন।

আপনি এই ক্রেডিটটি অথবা নিউ ইয়র্ক স্টেট EITC দাবি করতে পারেন, তবে একসঙ্গে উভয়ই নয়।

আপনি প্রতিটি ক্রেডিটের অধীনে কত রাশি পাবেন তা গণনা করুন এবং আপনার জন্যে যেটা সেরা সেটা বেছে নিন।

## শিশু ও নির্ভরশীলের পরিচর্যার ক্রেডিট (Child and Dependent Care Credit)


আপনি যাতে কাজ করতে পারেন তার জন্য কোনও সন্তান বা নির্ভরশীল প্রাপ্তবয়স্কের পরিচর্যার জন্য অর্থপ্রদান করলে আপনি এই নিউ ইয়র্ক স্টেট করের ক্রেডিটের যোগ্য হতে পারেন।

আরও তথ্যের জন্য কোনও VITA স্বেচ্ছাসেবকের সঙ্গে দেখা করুন অথবা [www.otda.ny.gov/workingfamilies](http://www.otda.ny.gov/workingfamilies) দেখুন



Earned Income  
Tax Credits

# EITC এর সঙ্গে আপনার প্রাপ্য এমন যাবতীয় ক্রেডিট পান।



Department of  
Taxation and Finance

Office of Temporary  
and Disability Assistance

[www.tax.ny.gov](http://www.tax.ny.gov)

DTF-215.2-BEN (11/18)

[www.otda.ny.gov](http://www.otda.ny.gov)

Pub-4786-BEN (11/18)

# অর্জিত আয় করের ক্রেডিট (EITC)

অর্জিত আয়করের ক্রেডিট (EITC) সেইসব মানুষদের জন্য যারা কাজ করেন ও আয়ের কিছু নির্দিষ্ট নির্দেশিকা পূরণ করেন। ক্রেডিটের রাশি আপনার দাখিল করার স্থিতি, পারিবারিক অর্জিত আয় ও যোগ্য সন্তানের সংখ্যার উপর নির্ভর করে পরিবর্তিত হয়। আপনি আপনার করের রিটার্ন দাখিল করার সময় অর্থ ফেরত পেতে পারেন, এমনকি আপনার কোনও করের ঋণ না থেকে থাকলেও।

আন্তর্গতীর্ণ রাজস্ব পরিষেবা (Internal Revenue Service - IRS), নিউ ইয়র্ক স্টেট ও নিউ ইয়র্ক সিটি, সকলেই অর্জিত আয়করের ক্রেডিট পেশ করে।

## আপনি কি যোগ্য?

যে কোনও EITC এর যোগ্য হতে গেলে আপনার কিছু নির্দিষ্ট প্রয়োজনীয়তা পূরণ করা দরকার:

- চাকরি বা স্ব-নিযুক্তি থেকে উপার্জন করা;
- একটি বৈধ সোশ্যাল সিকিউরিটি নম্বর থাকতে হবে (ITIN দাখিলকারীগণ ক্রেডিট দাবি করার যোগ্য নন);
- বছরের অর্ধেকের বেশি সময় ধরে একসঙ্গে বসবাসকারী একজন যোগ্য সন্তান থাকতে হবে, অথবা, আপনার একজন যোগ্য সন্তান থাকলে, তার বয়স অন্ততঃ 25 বছর ও 65 বছরের কম হলে; এবং
- বিনিয়োগ থেকে \$3,450 বা তার কম আয় থাকলে।

## আরও ভালো খবর

EITC এর অর্থ এগুলির জন্য আপনার যোগ্যতাকে প্রভাবিত করে না:

- সরকারী সহায়তা
- SNAP সুবিধাগুলি
- পরিপূরক নিরাপত্তা আয়ের সরকারি আবাসন  
(Supplemental Security Income Public housing)
- Medicaid এর সুবিধাসমূহ

আপনি কতখানির যোগ্য তা দেখতে  
আপনার স্থিতি দেখে নিন।

সন্তানের সংখ্যা	সর্বাধিক আয় (অবিবাহিত বা পরিবারের প্রধান)	সর্বাধিক আয় (বিবাহিত ও যৌথভাবে দাখিল করেন)	EITC* (পর্যন্ত)
3+	\$49,194	\$54,884	\$8,682
2	\$45,802	\$51,492	\$7,717
1	\$40,302	\$46,010	\$4,672
0	\$15,270	\$20,950	\$701

\* নিউ ইয়র্ক স্টেট, নিউ ইয়র্ক সিটি ও যুক্তরাষ্ট্রীয় ক্রেডিটের সর্বাধিক পরিমাণের সম্মিলিত সমষ্টির ভিত্তিতে।

## আপনি সাহায্য করতে পারেন আপনার পরিবারকে চাহিদাসমূহ পূরণ করতে।

## কীভাবে আবেদন করবেন

এমনকি আপনার কোনও করের ঋণ না থাকলেও ক্রেডিট পেতে আপনার একটি আয়করের রিটার্ন দাখিল করা আবশ্যিক। বৈদ্যুতিনভাবে দাখিল করা হল আপনার রিটার্ন দাখিল করার সহজতম উপায় এবং আপনার রিফান্ড পাওয়ার দ্রুততম উপায়। বিনামূল্যে কর-সংক্রান্ত সহায়তার জন্য [www.tax.ny.gov/pit/file/vita.htm](http://www.tax.ny.gov/pit/file/vita.htm) দেখুন।

